



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/ রাজবাড়ী-৬৯/ ২৭৪৮/৮

তারিখঃ ২৭/১১/২০১৭খ্রিঃ

বিষয় : ম্যানেজিং কমিটির সভাপতি পদে নির্বাচন অনুমোদন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার বালিয়াকান্দী উপজেলাধীন শহীদনগর ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ এত্তাজ উদ্দীন শারীরিক অসুস্থতা জনিত কারণে স্বেচ্ছায় পদত্যাগপত্র দাখিল করেছেন। মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য সভাপতির পদত্যাগপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন।

২) দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে নির্বাচন পরিচালনাকারী প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে জনাব আব্দুল ওহাব মোল্লা, পিতা- মৃত ওমেদ আলী মোল্লাকে সভাপতি হিসাবে নির্বাচন করে সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ০৪/০৮/২০১৬খ্রিঃ তারিখের নং-বামাশিবো/প্রশা/১০৫১/৪/নথি নং-রাজবাড়ী-৬৯ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি পদ হতে জনাব মোঃ এত্তাজ উদ্দীনকে অব্যহতি প্রদান করা হলো। এতদসঙ্গে ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব আব্দুল ওহাব মোল্লা, পিতা- মৃত ওমেদ আলী মোল্লাকে সভাপতি পদে নির্বাচনের বিষয়টি বোর্ড কর্তৃক অনুমোদন প্রদান করা হলো।

২৪.১১.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)  
ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬১২৮৫৮

২৪/১১/১৭

প্রাপকঃ সুপার, শহীদনগর ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসা  
ডাকঘর- বহরপুর, বালিয়াকান্দী, রাজবাড়ী।

নং- বামাশিবো/প্রশাসন/ রাজবাড়ী-৬৯/

তারিখঃ / / ২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দী, রাজবাড়ী।
২. জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বালিয়াকান্দী, রাজবাড়ী।
৪. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগ্রণী ব্যাংক লিমিটেড, .....শাখা, বালিয়াকান্দী, রাজবাড়ী।
৫. জনাব মোঃ এত্তাজ উদ্দীন, সভাপতি (অব্যহতি প্রাপ্ত), শহীদনগর ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসা  
ডাকঘর- বহরপুর, বালিয়াকান্দী, রাজবাড়ী।
৬. জনাব আব্দুল ওহাব মোল্লা, পিতা- মৃত ওমেদ আলী মোল্লা  
গ্রাম: শহীদনগর, ডাকঘর- বহরপুর, উপজেলা- বালিয়াকান্দী, জেলা- রাজবাড়ী।
৭. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৭৪৮৭৪